

# রক্তে রাঙ্গানো স্বাধীনতা

আব্দুল আলীম

স্বাধীনতা তুমি আমার হাজারো ভাইয়ের লাল রক্তে মিশে,  
স্বাধীনতা তুমি আমার নয় মাসের ফসল নও তো অনায়াসে ।  
স্বাধীনতা তুমি আমার মরু ময় জীবনের প্রশান্তি,  
স্বাধীনতা তুমি আমার রক্ত ঝরা কমলমতী প্রেয়সী ।  
স্বাধীনতা তুমি আমার সকল গ্লানির অবসানের নাম,  
স্বাধীনতা তুমি আমার রক্তে লেখা লাল সবুজের প্রাণ ।  
স্বাধীনতা তুমি আমার সকল অন্ধকারে আশার প্রদীপ জ্বালো,  
স্বাধীনতা তুমি আমার মনের গহীনে জ্বালো কাংখিত আলো ।  
স্বাধীনতা তুমি আমার লাখো সরলা তন্বী বোনের পাওনা,  
স্বাধীনতা তুমি আমার লাখো মমতাময়ী মায়ের বুক ফাটা কান্না ।  
স্বাধীনতা তুমি আমার বাবার রেখে যাওয়া অমূল্য রত্ন,  
স্বাধীনতা তুমি আমার হাজারো বছরের লালিত স্বপ্ন ।